আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে মাদক ব্যাবসায়ীর জেল-জরিমানা

আলমডাঙ্গায় মাদকের দুর্গে সহকারী কমিশনার (ভূমি) হানা দিয়ে মাদকরানী নামে খ্যাত মিন্নির ২বছর কারাদণ্ড দিয়েছে। সেই সাথে ১ লাখ টাকা জরিমানা অনাদায়ে অতিরিক্ত ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়।

আলমডাঙ্গা ‘মাদকরানী’ নামে অতিপরিচিত কুখ্যাত মাদক ব্যবসায়ী মিন্নিকে ২ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ১ লক্ষ টাকা অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। অনাদায়ে তাকে অতিরিক্ত ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে।

মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি ২০২৬) সকাল সাড়ে ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) এ এস এম শাহনেওয়াজ মেহেদী। অভিযানে সার্বিক সহযোগিতা করেন আলমডাঙ্গা থানার এসআই সোহাগ-এর নেতৃত্বাধীন চৌকস পুলিশ টিম।

ভ্রাম্যমাণ আদালতের অভিযানকালে মিন্নির নিজ বাড়ি থেকে ১৭ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট, একটি মোবাইল ফোন এবং মাদক বিক্রির নগদ ৩ হাজার ৫০০ টাকা জব্দ করা হয়। আসামির স্বীকারোক্তি ও প্রত্যক্ষ সাক্ষ্যের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় তাকে দণ্ড প্রদান করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, স্টেশনপাড়া এলাকায় দীর্ঘদিন ধরে প্রভাবশালী মহলের সহায়তায় মাদক ব্যবসা চালিয়ে আসছিল মিন্নি। একাধিক ব্যক্তিকে সঙ্গে নিয়ে সে পুরো এলাকাকে মাদকের আখড়ায় পরিণত করে তোলে। ফলে এলাকায় মাদকাসক্তি ও অপরাধ প্রবণতা আশঙ্কাজনকভাবে বেড়ে যায়।একাধিক প্রভাবশালী ব্যক্তি হয়ে ওঠে তার ব্যবসায়ীক অংশীদার। রাতারাতি নাম হয়ে ওঠে মাদক রানী।এছাড়াও তার এই মাদক ব্যাবসায়ীতে তার ছোট জামাই আহাদ আলি সকল অপকর্ম দেখভাল করে আসছে।মিনি ও তার পরিবার দীর্ঘদিন ধরে স্টেশন এলাকায় মাদকের অভয়ারণ্যে ব্যাবসা চালিয়ে যাচ্ছে।

উল্লেখ্য, এর কিছু দিন আগেও এসআই সোহাগ, সহকারী কমিশনার (ভূমি)- এর সঙ্গে প্রায় আধা কিলোমিটার দৌড়ে মিনির মেয়ে ‘আলোমতি’ নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করে এলাকায় প্রশংসা কুড়ান। এছাড়াও

ড্রাইভার আব্দুল্লাহ আল আমিন দায়িত্বশীলতার সঙ্গে কাজ করে আসামির পালিয়ে যাওয়ার চেষ্টা ব্যর্থ করে দেন।

অভিযান শেষে সহকারী কমিশনার (ভূমি) এ এস এম শাহনেওয়াজ মেহেদী বলেন,“যুবসমাজকে রক্ষা করতে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন জেলা মাদকদ্রব্য অধিদপ্তরের একটি টিম ও মোবাইল কোর্টের বেঞ্চ সহকারী তারিকুল ইসলাম।

আলমডাঙ্গায় গাঁজা ও নগদ টাকা সহ মাদক ব্যাবসায়ী আটক

আলমডাঙ্গা থানা পুলিশ কর্তৃক মাদক বিরোধী অভিযানে এক কেজি মাদকদ্রব্য গাঁজাসহ দুইজন মাদক ব্যাবসায়ী আটক হয়েছে। সেইসাথে মাদক বিক্রয়ের নগদ ২০,০০০/- টাকা, মাদক বহনের কাজে ব্যবহৃত ০১টি পাখি ভ্যান উদ্ধার করেছে।

গত ১লা ফেব্রুয়ারী রবিবার দিবাগত রাত ১টার সময় আলমডাঙ্গা চিৎলা ইউনিয়নের হাঁপানিয়া গ্রামের দক্ষিণ পাড়ায় এই অভিযান পরিচালিত হয়।

চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম মহোদয়ের সার্বিক দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় আলমডাঙ্গা থানার এসআই(নিঃ) মোঃ ওবায়দুল্লাহ আল মামুন সহ হাপানিয়া পুলিশ ক্যাম্পর সংগীয় অফিসার ফোর্সস হাপানিয়া দক্ষিনপাড়া মোঃ হাসান আলীর বাড়ীর সামনে পাকা রাস্তার উপর হতে রুইতনপুর গ্রামের মতির স্ত্রী মোছাঃ হাসি খাতুন(২৭) ও মসলেম আলির ছেলে মোঃ এনামুল হক (৪০) কে গ্রেফতার করে।

তাদের কাছে ১কেজি মাদকদ্রব্য গাঁজা, মাদক বিক্রয়ের নগদ ২০,০০০/- টাকা, মাদক বহনের কাজে ব্যবহৃত ০১টি পাখি ভ্যান উদ্ধার করেন।

আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ বানী ইসরায়েল বলেন, গ্রেফতারকৃত

আসামীদ্বয়ের বিরুদ্ধে আলমডাঙ্গা থানার মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়েছে। মাদক নিয়ন্ত্রণে এই অভিযান অব্যাহত থাকবে।

আলমডাঙ্গায় ১৪৫ পিস ইয়াবা সহ মাদক ব্যাবসায়ী গ্রেফতার

আলমডাঙ্গা পাইকপাড়া ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৪৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ কামালপুর চরপাড়ার ফারুক আলীকে গ্রেফতার করেছে। গত শুক্রবার রাতে আলমডাঙ্গা বধ্যভূমি এলাকা থেকে তাকে মাদকসহ গ্রেফতার করে থানায় সোপর্দ করা হয়।

জানা গেছে, উপজেলার কুমারী ইউনিয়নের কামালপুর চরপাড়ার মৃত মঞ্জু মিস্ত্রির ছেলে ফারুক আলী(৪২) দীর্ঘদিন ধরে মাদক দ্রব্য বিক্রয় করে আসছিল বলে এলাকায় অভিযোগ রয়েছে। সে পুলিশের চোখ ফাকি দিয়ে এলাকায় মাদক দ্রব্য বিক্রয় করে।

গত শুক্রবার রাতে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুহা: মাসুদুর রহমান(পিপিএম)’র নেতৃত্বে পাইকপাড়া ক্যাম্পের ইনচার্জ এসআই আব্দুল মতিন ও এএসআই বাদশা আলমগীর গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা বধ্যভূমি হতে এলাহী নগর গ্রামের রাস্তায় অভিযান চালিয়ে ফারুক আলীকে আটক করে। আটকের পর তার নিকট থেকে ১৪৫পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। এবিষয়ে আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনায় ভ্রাম্যমান আদালতে

মাদক ব্যাবসায়ী মুন্নার জেল-জরিমানা

দর্শনায় মাদকসহ আটক মনিরুল ইসলাম মুন্নাকে (২৬) জেল ও জরিমানা করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে দর্শনা পৌর এলাকার পাঠানপাড়া রেল কলোনী পাড়া থেকে তাকে মাদক সহ আটক করে।

আটককৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৬ মাসের কারাদন্ড ও অর্থ দন্ড প্রদান করেন। এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

অভিযান সুত্রে জানাযায়, আজ মঙ্গলবার সকাল সাড়ে ৮ টার দিকে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস ও চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরীয়ত উল্লাহ এবং পরিদর্শক ভূপতি কুমার বর্মনের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের অন্যান্য অফিসার ও ফোর্স সাথে নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হয় দর্শনা পৌর এলাকায় পাঠানপাড়ার রেলকলোনী পাড়ায়।

এসময় রেল কলোনী পাড়ার কুদ্দুস সিকদারের ছেলে মনিরুল ইসলাম মুন্নার (২৬) নিজ দখলীয় বসতঘর হইতে তার দেহ তল্লাশি করে ৫০ গ্রাম গাঁজা সহ আটক করা হয়। এরপর আটককৃত ব্যাক্তির বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা এবং বিচারক হিসাবে রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস।

মুজিবনগরে ৪০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে ৪০ বোতল ফেনসিডিলসহ শাওন আলী(৩৫) নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

বুধবার বেলা ১২ টার দিকে দারিয়াপুর বাজারের থেকে দারিয়াপুর ঘোষ পাড়া অভিমুখে রাস্তা থেকে তাকে আটক করা হয়। আটকৃত শাওন আলী মুজিবনগর উপজেলার দারিয়াপুর ঘোষপাড়ার খোকন আলী শেখের ছেলে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান,আটককৃত শাওন আলী একটি বাজার করা প্লাষ্টিকের ব্যাগে করে ফেনসিডিল নিয়ে বিক্রির উদ্যেশে দারিয়াপুর বাজারে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই উত্তম,এসআই বিপ্লব ও এসআই সাহেব আলী সেখানে অভিযান চালায়।

অভিযান চলাকালীন সময়ে দারিয়াপুর বাজার হতে ঘোষ পাড়া অভিমুখে জমির উদ্দীনের বাড়ির পিছনে রাস্তা থেকে তাকে হাতেনাতে আটক করে। তার নামে মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দিয়ে কোর্টের মাধ্যেমে জেল হাজতে পাঠানো হবে বলেও তিনি জানান।

দর্শনায় ইয়াবাসহ জীবনগরের ৩ মাদক ব্যাবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৯০ পিচ ইয়াবাসহ তিন মাদক ব্যাবসায়ী গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার রাত ৯ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীর এর নেতৃত্বে দর্শনা থানার এস আই নীতিষ বিশ্বাস, এ এস আই তুহিন হোসেন, এ এস আই হাফিজুর রহমানসহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা বাসষ্ট্যান্ডের আড্ডা কফি হাউজের সামনে।

এ সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানাধীন বাসষ্ট্যান্ড সংলগ্ন খন্দকার সুপার মার্কেট এর আড্ডা কফি হাউজের সামনে হতে জীবননগর উপজেলার গয়েশপুর গ্রামের উত্তরপাড়ার ফরমান আলীর ছেলে আনারুল ইসলাম আনার (৪৩) শরিফ উদ্দিনের ছেলে ইমরান উদ্দীন (৩৪) ও খোদাবক্স মিয়ার ছেলে মাসুদ মিয়া (৫১) কে ৯০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। বুধবার তাদের তিনজনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় ফেনসিডিলসহ ২ মাদক ব্যাবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গার গোলাপনগর মোড়ে দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযোন চালিয়েছে । অভিযান চালিয়ে ফেনসিডিলসহ ২ জন মাদক পাচারকারীকে গ্রেফতার করেছে। সেই সাথে পুলিশ জব্দ করেছে ফেনসিডিল বহনকারী পিকাপ ভ্যানটি।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে তিতুদহ ক্যাম্প পুলশের ইনচার্জ এসআই আনোয়ারুল আলম সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তীত্বে গতকাল বুধবার রাত সাড়ে ৯টার দিকে মাদক বিরোধী অভিযান চালান দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের গোলাপনগর মোড়ে।

এসময় পুলিশ পেয়ারা ভর্তী একটি পিকাভ্যানের (ঢাকা মেট্র-ন-১৯-৮১৬৩) গতিরোধ করেন। পিকাভ্যানে তল্লাশী চালিয়ে মুখবাঁধা তিনটি চটের বস্তা উর্দ্ধার করেন। বস্তার মুখ খুখে ২১৬ বোতল ফেনসিডিল উর্দ্ধার করে পুলিশ। সেই সাথে ঘটনার সাথে জড়িত থাকার অপরাধে দামুড়হুদা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের জয়নাল মন্ডলের ছেলে হোসেন মন্ডল (৩১) ও মাদারিপুর জেলার চাপাতলি গ্রামের সাহেদ আলী শিকদারের ছেলে রাসেল শিকদারকে (৩২) গ্রেফতার করে পুলিশ।

এ সময় পেয়ারাভর্তি মিনি ট্রাকে থাকা ছয়ঘরিয়া গ্রামের আনোয়ার হোসেন কৌশলে পালিয়ে যায়।এ ঘটনায় হোসেন মন্ডল, রাসেল শিকদার

আনোয়ারসহ তিন জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে দর্শনা থানা পুলিশ। ফেনসিডিল উদ্ধারের ঘটনায়

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের পূর্বক আজ বৃহস্পতিবার আদালতে সোপর্দ করা হবে।

দর্শনায় ৩ শ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী রানা গ্রেফতার

মাদকে সয়লাব দর্শনাঞ্চল, এ সংবাদ প্রকাশের জেরে মাদক ব্যাবসায়ীদের দৌরাত্ব ঠেকাতে দৌড়ঝাপ শুরু করেছেন দর্শনা থানা পুলিশ। মাদক বিরোধী অভিযানে মাঠে নেমেই পেয়েছেন সফলতা।

অভিযানে মাদক পাচারকালে মাদক ব্যাবসায়ীর মোটরসাইকেলের বস্তায় মিললো ৩ শত বোতল ফেনসিডিল। সেই সাথে মাদক উদ্ধারের সাথে মাদক পাচারকাজে ব্যাবহৃত একটি মোটরসাইকেল জব্দ সহ গ্রেফতার করা হয়েছে মাসুদুর রহমান ওরফে রানা নামের এক মাদক ব্যাবসায়ীকে।

দর্শনা-হিজলগাড়ি সড়কে অভিযান চালিয়ে মাদক ও মোটরসাইকেল সহ গ্রেফতার করা হয় তাকে।

গতকাল শনিবার সকাল সাড়ে ৬টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এস,আই নীতিষ বিশ্বাস, এস,আই সুমন্ত বিশ্বাস, এস,আই সোহেল রানা, এ,এস,আই বশির আহম্মেদ, এ,এস,আই মামুনুর রহমান ও সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন দর্শনা- হিজলগাড়ী সড়কের দক্ষিন চাঁদপুর কবরস্থানের সামনে পাকা রাস্তার উপর।

এসময় দর্শনা হতে হিজলগাড়ি অভিমুখগামী একটি মোটরসাইকেলের পথ গতিরোধ করেন। পরে গতিরোধকৃত মোটরসাকেলের চালকের দখলে থাকা একটি বস্তার মধ্যে থেকে ৩০০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেন পুলিশ।